গবাদিপশু ও হাঁস-মুরগির টিকা সংক্রান্ত তথ্যাবলী

মারেক্স টিকা

- লাইভ এটিনিউয়েটেড ভ্যাকসিন।
- মুরগির ১ দিন বয়সে প্রয়োগ করতে হয়।
- ২০০ এম.এল ডাইল্যুয়েন্টের সাথে টিকা গুলানোর পর ০. ২ এম.এল মাংসে বা চামড়ার নীচে প্রয়োগ করতে হয়।
- টিকার কার্যকালঃ পূর্ণজীবন।
- সরবরাহঃ ১,০০০ মাত্রা টিকা + ২০০ এম.এল ডাইল্যুয়েন্ট।
- সংরক্ষণ তাপমাত্রা ঃ -২০°সে. ১ বছর, -৫° সে. ৬ মাস।
- প্রাপ্তিস্থানঃ এল.আর. আই, মহাখালী, ঢাকা।
- **প্রতি ভায়ালের মূল্য ৩৫০ টাকা।**

বাচ্চা মুরগির রাণীক্ষেত টিকা

- লাইভ এটিনিউয়েটেড ভ্যাকসিন।
- মুরগির ৫-৭ দিন বয়সে ১ম এবং ২১ দিন বয়সে বুষ্টার ডোজ প্রয়োগকরতে হয়।
- ৬ এম.এল ডিষ্টিলড্ ওয়াটারের সাথে গুলানোর পর প্রতি চোখে ১ ফোঁটা করে প্রয়োগ করতে হয়।
- টিকার কার্যকালঃ ৬-৮ সপ্তাহ।
- সরবরাহঃ ১০০ মাত্রা টিকা।
- সংরক্ষণ তাপমাত্রা ঃ -২০° সে. ১ বছর, -৫° সে. ৬ মাস।
- প্রাপ্তিস্থানঃ এল. আর. আই, মহাখালী, ঢাকা।
- **প্রতি ভায়ালের মূল্য ১৫ টাকা।**

পিজিয়ন পক্স টিকা

- লাইভ এটিনিউয়েটেড ভ্যাকসিন।
- কবুতরে ৫-৭ দিন ও মুরগির ২-৭ দিন বয়সে প্রয়োগ করতে হয়।
- ৩ এম.এল ডিষ্টিলড ওয়াটারে মিশানোর পর বাইফরকড্ নিডেল দ্বারা পাখার নীচে ১ ফোঁটা করে খুচিয়ে প্রয়োগ করতে হয়।
- টিকার কার্যকালঃ ১-৩ মাস।
- সরবরাহঃ ২০০ মাত্রা টিকা।
- সংরক্ষণ তাপমাত্রা ঃ -২০° সে. ১ বছর, -৫° সে. ৬ মাস।
- প্রাপ্তিস্থানঃ এল. আর. আই, মহাখালী, ঢাকা।
- **প্রতি ভায়ালের মূল্য ২০ টাকা।**

গামবোরো টিকা

- লাইভ এটিনিউয়েটেড ভ্যাকসিন।
- মুরগির ১০-২১ দিন বয়সে ১ম ডোজ এবং ৭ দিন পর ২য় ডোজ
- ৫০ এম.এল. ডাইল্যুয়েন্টের সঙ্গে মিশানোর পর প্রতি চোখে ১ ফোটা করে প্রয়োগ করতে হয়।
- টিকার কার্যকালঃ পূর্ণজীবন।
- সরবরাহঃ ১০০০ মাত্রা টিকা + ৫০০ এম.এল ডাইল্যুয়েন্ট।
- সংরক্ষণ তাপমাত্রা ঃ -০° সে. এর নীচে।
- প্রাপ্তিস্থানঃ এল.আর. আই, মহাখালী, ঢাকা।
- **প্রতি ভায়ালের মূল্য ২০০ টাকা।**

ফাউল পক্স টিকা

- লাইভ এটিনিউয়েটেড ভ্যাকসিন।
- মুরগি ২০ দিন বা তদুর্ধ বয়সে প্রয়োগ করতে হয়।
- ৩ এম.এল ডিষ্টিলড ওয়াটারে মিশানোর পর বাইফরকড্ নিডেল দ্বারা পাখার নীচে একাধিকবার খুচিয়ে প্রয়োগ করতে হয়।
- টিকার কার্যকালঃ পূর্ণজীবন।
- সরবরাহঃ ২০০ মাত্রা টিকা।
- সংরক্ষণ তাপমাত্রা ঃ -৫° হতে ০° সে. ৬ মাস, -২০° সে. ১ বছর।
- প্রাপ্তিস্থানঃ এল. আর. আই মহাখালী, ঢাকা।
- **প্রতি ভায়ালের মূল্য ৪০ টাকা।**

রাণীক্ষেত টিকা

- লাইভ এটিনিউয়েটেড ভ্যাকসিন।
- মুরগির ২ মাস বা তদুর্ধ বয়সে প্রয়োগ করতে হয়।
- ১০০ এম.এল ডিষ্টিলড্ ওয়াটারে মিশানোর পর ১ এম.এল মাংসে প্রয়োগ করতে হয়।
- টিকার কার্যকালঃ ৬ মাস।
- সরবরাহঃ ১০০ মাত্রা টিকা।
- সংরক্ষণ তাপমাত্রা ঃ -৫° হতে ০° সে. ৬ মাস।
- প্রাপ্তিস্থানঃ এল. আর. আই, মহাখালী, ঢাকা।
- **প্রতি ভায়ালের মূল্য ১৫ টাকা।**

সালমোনেলা/ফাউল টাইফয়েড টিকা

- কিল্ড ভ্যাকসিন।
- মুরগির ৬-৮ সপ্তাহ বয়সে ১ম ডোজ, ৪ সপ্তাহ পর ২য় ডোজ এবং ৬ মাস পর বুষ্টার ডোজ ০.৫ এম.এল করে চামড়ার নীচে প্রয়োগ করতে হয়।
- টিকার কার্যকালঃ ৬ মাস।
- সরবরাহঃ ২০০ মাত্রা টিকা।
- সংরক্ষণ তাপমাত্রা ঃ ২° হতে ৮° সে. ৬ মাস।
- প্রাপ্তিস্থানঃ এল. আর. আই, মহাখালী, ঢাকা।
- [illegible] মূল্য ৩০ টাকা।

ফউল কলেরা টিকা

- কিল্ড ভ্যাকসিন।
- ১০ সপ্তাহ বয়সী হাঁস-মুরগি ও ৫-৭ দিন বয়সী কবুতরে প্রয়োগ করতে হয়।
- অয়েল এডজুভেন্ট টিকা ১ এম.এল চামড়ার নীচে এবং ২১ দিন পর বুষ্টার ডোজ প্রয়োগ করতে হয়
- এলাম অধঃপতিত টিকা একই মাত্রায় মাংসে প্রয়োগ করতে হয়।
- টিকার কর্যকালঃ ৬ মাস।
- সরবরাহঃ ১০০ মাত্রা।
- সংরক্ষণ তাপমাত্রা ঃ ৪° হতে ৮° সেঃ ৬ মাস।
- প্রাপ্তিস্থান ঃ
  ক) অয়েল এডজুভেন্ট টিকাঃ এল. আর. আই, মহাখালী, ঢাকা।
  খ) এলাম অধঃপতিত টিকাঃ এল.আর. আই. কক্সিল।
- প্রতি ভায়ালের মূল্য ৩০ টাকা।

ডাক প্লেগ টিকা

- লাইভ এটিনিউয়েটেড ভ্যাকসিন।
- ৩ সপ্তাহ বা তদুর্ধ বয়সের হাঁসে প্রয়োগ করতে হয়।
- ১০০এম.এল ডিষ্টিলড্ ওয়াটারে মিশানোর পর ১ এম.এল বুকের মাংসে প্রয়োগ করতে হয়।
- টিকার কার্যকালঃ ৬ মাস।
- সরবরাহঃ ১০০ মাত্রা টিকা।
- সংরক্ষণ তাপমাত্রা ঃ -৫° হতে ০° সে. ৬ মাস ও ৪° হতে ৮° সে. ১ মাস।
- প্রাপ্তিস্থানঃ এল. আর. আই, মহাখালী, ঢাকা।
- **প্রতি ভায়ালের মূল্য ৩০ টাকা।**

পি.পি. আর টিকা

- লাইভ এটিনিউয়েটেড ভ্যাকসিন।
- ৪ মাস বয়সের ছাগল/ভেড়া কে প্রয়োগ করতে হয়।
- ১০০ এম.এল ডাইল্যুয়েন্টের সাথে টিকা গুলানোর পর ছাগল/ভেড়াকে ১ এম.এল করে চামড়ার নীচে প্রয়োগ করতে হয়।
- টিকার কার্যকালঃ ১ বছর।
- সরবরাহঃ ১০০ মাত্র টিকা + ১০০ এম. এল. ডাইল্যুয়েন্ট।
- সংরক্ষণ তাপমাত্রা ঃ -২০° সে. ১ বছর ও -৫° সে.হতে ০° সে. ৬ মাস।
- প্রাপ্তিস্থান ঃ এল.আর. আই, মহাখালী, ঢাকা।
- **প্রতি ভায়ালের মূল্য ৫০ টাকা।**

গোটি পক্স টিকা

- লাইভ এটিনিউয়েটেড ভ্যাকসিন।
- ৩ মাস বা তদুর্ধ বয়সেরর ছাগল/ভেড়াকে প্রয়োগ করতে হয়।
- ১০০ এম.এল ডাইল্যুয়েন্টের সাথে টিকা গুলানোর পর ছাগল/ভেড়াকে ১ এম.এল করে চামড়ার নীচে প্রয়োগ করতে হয়।
- টিকার কার্যকার ঃ ১ বছর।
- সরবরাহ ঃ ১০০ মাত্রা টিকা + ১০০ এম. এল. ডাইল্যুয়েন্ট।
- সংরক্ষণ তাপমাত্রা ঃ -২০° সে. ১ বছর, -৫° সে. হতে ০° সে.৬ মাস
- প্রাপ্তিস্থান ঃ এল.আর. আই, মহাখালী, ঢাকা।
- **প্রতি ভায়ালের মূল্য ৫৫ টাকা**

তড়কা টিকা

- লাইভ এটিনিউয়েটেড ভ্যাকসিন।
- ২ বছর বা তদুর্ধ বয়সের গরু/মহিষ/ঘোড়াকে ১এম.এল এবং ছাগল/ভেড়াকে -০.৫ এম.এল চামড়ার নীচে প্রয়োগ করতে হয়।
- টিকার কর্যকাল ঃ ১ বছর।
- সরবরাহঃ গরু/মহিষ/ঘোড়ার ১০০ মাত্রা টিকা এবং ছাগল/ভেড়ার জন্য ২০০ মাত্র টিকা।
- সংরক্ষণ তাপমাত্রা ঃ ৪° হতে ৮° সে. ৬ মাস।
- প্রাপ্তিস্থান ঃ এল. আর. আই, মহাখালী, ঢাকা।
- **প্রতি ভায়ালের মূল্য ৫০ টাকা।**

ক্ষুরা রোগের বাইভ্যালেন্ট টিকা

- ইন-এক্টিটিভেটেড ভ্যাকসিন।
- A,O সিরোটাইপ।
- ৬ মাস বয়সী গবাদিপশু, ৩ মাস বয়সী ছাগল/ভেড়াকে প্রয়োগ করতে হয়।
- গরুতে ৬ এম.এল ও ছাগল/ভেড়ায় ২ এম.এল চামড়ার নীচে প্রয়োগ করতে হয়।
- টিকার কার্যকালঃ ৪ মাস।
- সরবরাহঃ গরু ১৬ মাত্রা টিকা এবং ছাগল/ভেড়ার জন্য ৪৮ মাত্রা টিকা।
- সংরক্ষণ তাপমাত্রা ঃ ৪° হতে ৮° সে. ৪ মাস।
- প্রাপ্তিস্থান ঃ এল.আর. আই, মহাখালী, ঢাকা।
- **প্রতি ভায়ালের মূল্য ৯৬ টাকা।**

ক্ষুরা রোগের ট্রাইভ্যালেন্ট টিকা

- ইন-এক্টিটিভেটেড ভ্যাকসিন।
- A.O. Asia -1 সিরোটাইপ।
- ৩ মাস বয়সী গবাদিপশু, ৩ মাস বয়সী ছাগল/ভেড়াকে প্রয়োগ করতে হয়।
- গরুতে ৬ এম.এল. ছাগল/ভেড়ায়-৩ এম.এল চামড়ার নীচে প্রথম টিকা প্রয়োগের ৪ সপ্তাহপর বুষ্টার ডোজ প্রয়োগ করতে হয়
- টিকার কার্যকালঃ ৬ মাস।
- সরবরাহঃ গরুর জন্য ১৬ মাত্রা টিকা এবং ছাগল/ভেড়ার জন্য ৩২ মাত্রা টিকা।
- সংরক্ষণ তাপমাত্রা ঃ ৪° হতে ৮° সে. ৪ মাস।
- প্রাপ্তিস্থান ঃ এল.আর. আই মহাখালী, ঢাকা।
- **প্রতি ভায়ালের মূল্য ১৬০ টাকা।**

বাদলা টিকা

- কিল্ড ভ্যাকসিন।
- ৩ মাস থেকে ৩ বছর বয়সী গরু/মহিষ/ছাগল/ভেড়াকে প্রয়োগ করতে হয়।
- গরু/মহিষে ৫ এম.এল, ছাগল/ভেড়ায় ২ এম.এল করে চামড়ার নীচে প্রয়োগ করতে হয়।
- টিকার কার্যকালঃ ৬ মাস।
- সরবরাহঃ গরু/মহিষ ২০ মাত্রা টিকা এবং ছাগল/ভেড়ার জন্য ৫০ মাত্রা টিকা।
- সংরক্ষণ তাপমাত্রা ঃ ৪° হতে ৮° সে. ৬ মাস।
- প্রাপ্তিস্থান ঃ এল.আর. আই, মহাখালী, ঢাকা।
- **প্রতি ভায়ালের মূল্য ৩০ টাকা।**

গলাফুলা অয়েল এডজুভেন্ট টিকা

- কিল্ড ভ্যাকসিন।
- ৬মাস বা তদুর্ধ বয়সী গরু/মহিষ এবং ৩ মাস বা তদুর্ধ বয়সী ছাগল/ভেড়াকে প্রয়োগ করতে হয়।
- ২ বছরের বেশী বয়সের গরু/মহিষকে ২ এম.এল এবং ৬ মাসের বেশী বয়সের ছাগল/ভেড়া/বাছুরকে ১ এম.এল চামড়ার নীচে প্রয়োগ করতে হয়।
- টিকার কার্যকালঃ ১ বছর।
- সরবরাহঃ গরু/মহিষ ৫০মাত্রা টিকা, ছাগল/ভেড়া/বাছুর ১০০মাত্রা।
- সংরক্ষণ তাপমাত্রা ঃ ৪° হতে ৮° সে. ৬ মাস।
- প্রাপ্তিস্থান ঃ এল.আর. আই, মহাখালী, ঢাকা।
- **প্রতি ভায়ালের মূল্য ৩০ টাকা।**

গলাফুলা এলামঅধঃপতিত টিকা

- কিল্ড ভ্যাকসিন।
- ৬ মাস বা তদুর্ধ বয়সী গরু/মহিষ এবং ৩ মাস বা তদুর্ধ বয়সী ছাগল/ভেড়াকে প্রয়োগ করতেহয়।
- গরু/মহিষ ৫ এম.এল এবং ছাগল/ভেড়া/বাছুরকে ২ এম.এল করে মাংসে প্রয়োগ করতে হয়।
- টিকার কার্যকালঃ ১ বছর।
- সরবরাহঃ গরু/মহিষ ২০ মাত্রা টিকা এবং ছাগল/ভেড়া,বাছুর ৫০ মাত্রা টিকা।
- সংরক্ষণ তাপমাত্রা ঃ ৪° হতে ৮° সে. ৬ মাস।
- প্রাপ্তিস্থান ঃ এল.আর. আই মহাখালী, ঢাকা।
- **প্রতি ভায়ালের মূল্য ৩০ টাকা**

জলাতংক HEP ও LEP টিকা

- লাইভ এটিনিউয়েটেড ভ্যাকসিন।
- ৩ মাসের বেশী বয়স্ক গরু/মহিষ/বানরে ৩ এম.এল করে এবং ১ মাসের বেশী বয়স্ক বিড়াল/বেজী ইত্যাদিতে ১.৫ এম.এল করে HEP টিকা মাংসে প্রয়াগ করতে হয়। গরু/মহিষে ৩০ দিন পর বুষ্টার ডোজ দিতে হয়।
- ৩ মাসের বেশী বয়স্ক কুকুরে LEP টিকা ৩ এম.এল করে মাংসে প্রয়োগ করতে হয়।
- টিকার কার্যকালঃ HEP ও LEP টিকা ১ বছর।
- সংরক্ষণ তাপমাত্রা ঃ -২০° বা তার কম তাপে ১ বছর, ০° সেঃ ৪৮ ঘন্টা।
- সরবরাহঃ ১ মাত্রা টিকা+ ৩ এম.এল. ডাইল্যুয়েন্ট।
- প্রাপ্তিস্থান ঃ এল.আর.আই, মহাখালী, ঢাকা।
- **প্রতি ভায়ালের মূল্য ৩০ টাকা**

প্রচারে ঃ টিকা উৎপাদন প্রযুক্তি আধুনিকায়ন ও গবেষণাগার সম্প্রসারন প্রকল্প, পশুসম্পদ প্রতিষ্ঠাণ, মহাখালী, ঢাকা।